রেজিস্টার্ড নং ডি এ-১

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ২, ২০২২

## ৩য় খণ্ড

**প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ।**

**প্রতিরক্ষা মন্ত্রণালয়**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৭ পৌষ ১৪২৮/১১ জানুয়ারি ২০২২

**নং ২৩.০০.০০০০.০৬০.১৩.০০৭.২১.৯৩**—বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তাকে নৌবাহিনী বিধিমালা, ১৯৬১ এর বিধি ১৪(১) অনুযায়ী বর্তমান নিয়োগের মেয়াদ অতিক্রমের পর তাঁর নামের পার্শ্বে বর্ণিত তারিখ হতে বাংলাদেশ নৌবাহিনীর চাকরি থেকে স্বাভাবিক অবসর প্রদান করা হলো :

| ক্রমিক | কর্মকর্তার পদবি, নাম ও পি নং | অবসর গমনের তারিখ | এলপিআর গমনের তারিখ |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১. | লেঃ কমান্ডার শুভাশীষ দাশ, (জি), বিসিজিএম, বিএনভিআর (পি নং ২৩৭২) | বিকাল ১১ জানুয়ারি ২০২২ | সকাল ১২ জানুয়ারি ২০২২ |

২। লেঃ কমান্ডার শুভাশীষ দাশ, (জি), বিসিজিএম, বিএনভিআর (পি নং ২৩৭২) এর আবেদন এবং জেএসআই ১/২০১৬ মোতাবেক ০৬ (ছয়) মাস ১৮ (আঠারো) দিন মেয়াদে এলপিআর ভোগ করবেন।

৩। তিনি বিধিমতে অবসর ভাতা এবং অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

৪। তাঁর নিকট সরকারি কোনো পাওনা থাকলে তা পেনশন নিষ্পত্তির সময় সমন্বয় করতে হবে।

তারিখ : ২৮ পৌষ ১৪২৮/১২ জানুয়ারি ২০২২

**নং ২৩.০০.০০০০.০৬০.৩৬.০০৮.২০(অংশ-১).৯৪**—বাংলাদেশ নৌবাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তার চাকরির মেয়াদ নৌবাহিনী তথা জনস্বার্থে বিশেষ বিবেচনায় নৌবাহিনী বিধিমালা, ১৯৬১ এর বিধি ১২এ(১)(এ) অনুযায়ী তাঁর নামের পার্শ্বে উল্লিখিত তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো :

| ক্রম | পদবি, নাম ও পি নং | বর্ধিত চাকরির মেয়াদ |
|---|---|---|
| ১. | লেঃ মোঃ আনিসুজ্জামান আকন্দ, (এসডি)(ই), বিএন (পি নং ২১৬৭) | ১৭ জানুয়ারি ২০২২ থেকে ১৬ জানুয়ারি ২০২৪ পর্যন্ত |

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ফরহাদ হোসেন**
সিনিয়র সহকারী সচিব।

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৭ পৌষ ১৪২৮/১১ জানুয়ারি ২০২২

**নং ২৩.০০.০০০০.১৪০.১৯.০৮৭.১৬-২৩**—কুয়েতস্থ বাংলাদেশ দূতাবাসের প্রতিরক্ষা শাখার প্রতিরক্ষা অ্যাটাশে হিসেবে কর্মরত বিএ-৩৩৮২ ব্রিগেডিয়ার জেনারেল মোঃ আবু নাছের, এনডিসি, পিএসসি-এর চাকরির মেয়াদ আগামী ২৩ ফেব্রুয়ারি ২০২২ তারিখে শেষ হবে। এ কারণে উক্ত কর্মকর্তাকে জরুরি ভিত্তিতে প্রতিস্থাপক ব্যতিরেকে দায়িত্ব হস্তান্তরপূর্বক স্বদেশ প্রত্যাবর্তনের আদেশ প্রদান করা হলো।

২। উক্ত কর্মকর্তার স্বদেশ প্রত্যাবর্তনের জন্য প্রয়োজনীয় অর্থ প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ২০২১-২০২২ অর্থ বৎসরের বাজেটের 'প্রতিষ্ঠান কোড-১১৯ প্রতিরক্ষা মন্ত্রণালয়, ১১৯০৯-আন্তঃবাহিনীসমূহ পরিচালন এবং ১১৯০৯১১০০০০০০-প্রতিরক্ষা এ্যাটাশে খাত' থেকে সংকুলান করা হবে।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**নং ২৩.০০.০০০০.১৪০.১১.১৫৭.১৮-২১**—পুনরাদেশ না দেয়া পর্যন্ত ব্রাজিলের ব্রাসিলিয়াস্থ বাংলাদেশ দূতাবাসের প্রতিরক্ষা উপদেষ্টা কমডোর সৈয়দ মিসবাহউদ্দিন আহমদ, (সি), এনইউপি, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি, বিএন (পি নং-৬৩৯)-কে একইসঙ্গে অনাবাসিক ভিত্তিতে চিলিতে বাংলাদেশের প্রতিরক্ষা উপদেষ্টা হিসেবে নিম্নলিখিত শর্তে নিয়োগ প্রদান করা হলো :

(ক) তিনি দাপ্তরিক কার্য উপলক্ষে বছরে এক/দু'বার সস্ত্রীক সংশ্লিষ্ট দেশে ভ্রমণ করতে পারবেন;

(খ) প্রচলিত বিধি-বিধান অনুযায়ী তিনি ভ্রমণ ব্যয় বাবদ বিমান ভাড়া ও দৈনিক ভাতা প্রাপ্য হবেন;

(গ) এ ব্যয় প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের সংশ্লিষ্ট অর্থ বৎসরের বাজেটের 'প্রতিষ্ঠান কোড-১১৯ প্রতিরক্ষা মন্ত্রণালয়, ১১৯০৯ আন্তঃবাহিনী ডিপার্টমেন্টস এবং ১১৯০৯১১০০০০০০ প্রতিরক্ষা অ্যাটাশে খাত' থেকে সংকুলান করা হবে।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ নাজমুল হক**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ পৌষ ১৪২৮/১০ জানুয়ারি ২০২২

**নং ২৩.০০.০০০০.১৮০.৩৬.১৩৫.২১-১২**—প্রতিরক্ষা মন্ত্রণালয় থেকে ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখে জারীকৃত স্বাভাবিক অবসর সংক্রান্ত প্রজ্ঞাপন নম্বর ২৩.০০.০০০০.১৮০.১৩.১০০.২১-৩৪৬-এর ক্রমিক নম্বর ২৪-এ অবস্থিত বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-১০০৬৫৫ ব্রিগেডিয়ার জেনারেল এম কামরুল হাসান, এমফিল, এমসিপিএস-এর অবসর সংক্রান্ত অংশটুকু বাতিলপূর্বক বাংলাদেশ আর্মি রেগুলেশন্স (রুলস্) ২৫৫ এবং আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ১৬৭ অনুসারে জনস্বার্থে তাঁর চাকরি ৩১ ডিসেম্বর ২০২১ তারিখ অপরাহ্ণ থেকে ৩০ ডিসেম্বর ২০২২ তারিখ (অপরাহ্ণ) পর্যন্ত ১ (এক) বছর বর্ধিত করা হলো।

২। প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখের প্রজ্ঞাপন নম্বর ২৩.০০.০০০০.১৮০.১৩.১০০.২১-৩৪৬-এ উল্লিখিত অন্যান্য কর্মকর্তাদের স্বাভাবিক অবসর সংক্রান্ত অংশ যথারীতি বহাল থাকবে।

৩। এ আদেশ জনস্বার্থে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ওয়াহিদা সুলতানা**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ পৌষ ১৪২৮/১২ জানুয়ারি ২০২২

**নং ২৩.০০.০০০০.১২০.১১.০০৩.১৮-২৬**—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মিলিটারী ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এর নিম্নবর্ণিত কর্মকর্তা এমইএস এর সংশ্লিষ্ট নিয়োগবিধি অনুযায়ী সকল শর্ত পূরণ করায় জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০২ অক্টোবর, ১৯৯০ তারিখের এস, আর, ও নম্বর ৩৪৩/আইন/৯০/সম(বিধি-৪) আর আর-৩/৯০ অনুযায়ী তাঁর চাকরি বর্তমান পদে যোগদানের তারিখ থেকে স্থায়ী করা হলো :

| ক্রমিক নম্বর | ব্যক্তিগত নম্বর, বর্তমান পদবি ও নাম, | বর্তমান পদে যোগদানের তারিখ | স্থায়ীকরণের তারিখ |
|---|---|---|---|
| ১। | ব্যক্তিগত নম্বর : ৮০১১৮<br>তত্ত্বাবধায়ক প্রকৌশলী<br>মোঃ রবিউল আলম সরকার | ১৩-১২-২০২০ | ১৩-১২-২০২০ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোল্যা সোহাগ হোসেন**
সহকারী সচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৯ পৌষ ১৪২৮/১৩ জানুয়ারি ২০২২

**নং ২৩.০০.০০০০.১৮০.১৩.১৩৪.২১-১৪**—বাংলাদেশ সেনাবাহিনীর বিএ-১০০৯৭৯ লে. কর্ণেল সৈয়দা জিনাত লায়লা, এফসিপিএস, ডিসিএইচ, এএমসি-কে বাংলাদেশ আর্মি রেগুলেশন্স (ইনস্ট্রাকশন্স) ৫৩৪ এবং বাংলাদেশ আমি অর্ডার নম্বর ১৫৩/২০১৩ অনুযায়ী শারীরিক অসমর্থতার কারণে সেনাবাহিনীর চাকরি থেকে অবসর প্রদান করা হলো।

২। তিনি প্রচলিত বিধি অনুসারে অবসর সংক্রান্ত প্রাপ্য আর্থিক ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ওয়াহিদা সুলতানা**
উপসচিব।

---

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৮ পৌষ ১৪২৮/১২ জানুয়ারি ২০২২

**নং ২৩.০০.০০০০.০৭০.৬৯.০৭৮.১৮.১৪**—বাংলাদেশ বিমান বাহিনীর নিম্নোক্ত কর্মকর্তাকে বিমান বাহিনী অ্যাক্ট রুলস্ ১৯৫৭-এর রুল ২৪(৭) অনুযায়ী বর্ধিত চাকরির সময়সীমা অতিক্রান্তে তাঁর নামের পাশে বর্ণিত তারিখ থেকে অবসর প্রদান করা হলো :

| ক্র: নং | কর্মকর্তার নাম ও পদবি | জন্ম তারিখ | কমিশনের তারিখ | LPR-এ গমনের তারিখ | LPR শেষ হওয়ার তারিখ | অবসরের তারিখ | চাকরির বয়সসীমা | জমাকৃত ছুটির পরিমাণ | মঞ্জুরকৃত LPR-এর ছুটি |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) | (৮) | (৯) | (১০) |
| ১। | এয়ার ভাইস মার্শাল মোঃ আবুল বাশার, বিবিপি, ওএসপি, এনডিসি, এসিএসসি, পিএসসি (বিডি/৭৪০২), জিডি(পি) | ১৫ জানুয়ারি ১৯৬৩ | ১৬ মে ১৯৮৩ | ১৪ জানুয়ারি ২০২২ | ০৮ জানুয়ারি ২০২৩ | ০৯ জানুয়ারি ২০২৩ | ৫৯ বছর (বর্ধিত চাকরির সময়সীমা ০১ বছরসহ) | ১৩৬৬ দিন | ৩৬০ দিন |

২। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন সুবিধা প্রাপ্য হবেন।

**নং ২৩.০০.০০০০.০৭০.৩৩.০১৩.১৫.১৩**—বাংলাদেশ বিমান বাহিনীর নিম্নবর্ণিত কর্মকর্তাকে বিমান বাহিনী নির্দেশিকা (এএফআই) ১/৯৭-এর ২(খ) অনুযায়ী ৭ম কলামে বর্ণিত তারিখ পর্যন্ত প্রথম মেয়াদে ০৫ (পাঁচ) বছরের জন্য বর্ধিত মেয়াদি কমিশন মঞ্জুর করা হলো :

| ক্র: নং | নাম | জন্ম তারিখ | কমিশনের তারিখ | বর্তমান কমিশনের ধরন | বর্তমান মেয়াদ পূর্তির তারিখ | বর্ধিত মেয়াদি কমিশন সমাপ্তির তারিখ |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| ১। | স্কোয়াড্রন লিডার এনামুল কবির (বিডি/৯৩০২), ইঞ্জ | ২৮-০৩-১৯৮৭ | ০১-১২-২০০৬ | এসএসসি | ৩০-১১-২০২১ | ৩০-১১-২০২৬ |

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ হেলালুজ্জামান সরকার**
উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৪ জ্যৈষ্ঠ ১৪২৯/১৮ মে ২০২২

**নং ২৩.০০.০০০০.১৮০.১২.২৯০.২২.২০৪**—সশস্ত্র বাহিনী সদর দপ্তর ও আন্তঃবাহিনী সংস্থাসমূহে কর্মরত নিম্নবর্ণিত ৭ (সাত) জন সহকারী পরিচালক (নন-টেকনিক্যাল)-কে জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী ষষ্ঠ গ্রেডের ৩৫৫০০-৬৭০১০/- টাকা বেতনস্কেলে সশস্ত্র বাহিনী সদর দপ্তর ও আন্তঃবাহিনী সংস্থাসমূহের সাংগঠনিক কাঠামোভুক্ত উপপরিচালক (নন-টেকনিক্যাল) পদে পদোন্নতি প্রদান করা হলো :

| ক্রমিক নম্বর | নাম, পদবি ও কর্মস্থল |
|---|---|
| ১ | জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম<br>সহকারী পরিচালক (নন-টেকনিক্যাল)<br>পরিচিতি নম্বর ১৭২<br>প্রশাসনিক ব্যুরো, ডিজিএফআই, ঢাকা সেনানিবাস। |
| ২ | জনাব মোঃ রকিবুল ইসলাম<br>সহকারী পরিচালক (নন-টেকনিক্যাল)<br>পরিচিতি নম্বর ১৮৫<br>লজিস্টিকস শাখা, বেতন, পেনশন ও হিসাব পরিদপ্তর, নৌসদর, বনানী ঢাকা। |
| ৩ | জনাব মোঃ মাসুদ রানা<br>সহকারী পরিচালক (নন-টেকনিক্যাল)<br>পরিচিতি নম্বর ১৮৬<br>মিডিয়া সেকশন, গোয়েন্দা পরিদপ্তর, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস। |
| ৪ | জনাব মোঃ শাহেদুল আলম<br>সহকারী পরিচালক (নন-টেকনিক্যাল)<br>পরিচিতি নম্বর ১৮৭<br>বেসামরিক কর্মচারী পরিদপ্তর, নৌসদর, বনানী, ঢাকা। |
| ৫ | জনাব রফিকুল ইসলাম<br>সহকারী পরিচালক (নন-টেকনিক্যাল)<br>পরিচিতি নম্বর ১৮৮<br>সিএমআর পরিদপ্তর, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস। |
| ৬ | জনাব মোঃ নজরুল ইসলাম<br>সহকারী পরিচালক (নন-টেকনিক্যাল)<br>পরিচিতি নম্বর ১৮৯<br>জিএস শাখা, ওভারসীজ অপারেশন, পরিদপ্তর, সেনাসদর, ঢাকা সেনানিবাস। |
| ৭ | জনাব মোঃ আবুল কালাম<br>সহকারী পরিচালক (নন-টেকনিক্যাল)<br>পরিচিতি নম্বর ১৯০<br>জিএস শাখা, এসডি পরিদপ্তর, সেনাসদর, ঢাকা সেনানিবাস। |

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মাহবুবুর রশীদ**
উপসচিব।